



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৯-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় চলমান 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর সমাপনী খেলা বসুন্ধরা কিংস্ বনাম আবাহনী লিমিটেড, ঢাকা এর মধ্যে আগামী ২০-০৯-২০২১ তারিখ সোমবার বিকাল ৪:০০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত ম্যাচ শেষে চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলদ্বয়কে ট্রফি ও মেডেল প্রদান করা হবে।

উক্ত সমাপনী খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সিনিয়র সহ-সভাপতি ও বাফুফে প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

সকল ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সম্মানিত ক্রীড়া সাংবাদিক এবং ফটো সাংবাদিকবৃন্দকে উক্ত সমাপনী খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

খালিদ মাহমুদ নওমী
মিডিয়া এক্সিকিউটিভ
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।